CITIZENS BANK

TODAY · TOMORROW · TOGETHER

| | | |
|---|---|---|
| | **Lending Rate Sheet**<br>**Date: March 31, 2024** | |
| | Ref: BRPD Circular Letter no-16 dated: 31.03.2024 | |
| | **CZB/HO/TFO/2024/03** | **Effective Date: April 01, 2024** |
| | **Interest Rate on Lending (%)** | |
| | **Nature of Loans** | **Interest Rate** |
| **1)** | **Agriculture** | |
| | 1.1) Term Loan (Both Short Term & Long Term) | As per Bangladesh Bank's directives |
| | 1.2) Revolving Credit | |
| **2)** | **Term Loan to large & Medium Scale Industry** | |
| | 2.1) Industrial / Manufacturing Project | SMART +3.00% (Margin) |
| | 2.2) Other Term Loans | SMART +3.00% (Margin) |
| **3)** | **Term Loan to Small and Cottage Industry** | |
| | 3.1) Cottage Industry | SMART +3.00% (Margin) |
| | 3.2) Small Industry | SMART +3.00% (Margin) |
| **4)** | **Working Capital to Industry** | |
| | 4.1) Industrial/Manufacturing Project (Including Cash Incentive & Time Loan | SMART +3.00% (Margin) |
| | 4.2) Industrial/Manufacturing Project (LDBP) | SMART +3.00% (Margin) |
| | 4.3) Trade Financing/Business Loans (LDBP) | SMART +3.00% (Margin) |
| | 4.4) Work Order / Supply Order | SMART +3.00% (Margin) |
| | 4.5) Trade Financing/Business Loans (including Time Loan) | SMART +3.00% (Margin) |
| | 4.6) Import financing of rice, wheat, edible oil (refined and crude), pulse, peas, onion, dates and sugar | SMART +3.00% (Margin) |
| **5)** | **Export Credit (PC/ECC)** | SMART +2.00% (Margin) |
| **6)** | **Commercial Lending** | |
| | 6.1) Import Financing | SMART +3.00% (Margin) |
| | 6.2) Others | SMART +3.00% (Margin) |
| **7)** | **Financing to Small & Medium Enterprise** | |
| | 7.1) With BB refinancing | As per Bangladesh Bank's directives |
| | 7.2) Without BB refinancing | |
| | 7.2.1) Industrial/Manufacturing Project | SMART +3.00% (Margin) |
| | 7.2.2) Others | SMART +3.00% (Margin) |
| **8)** | **Real Estate Financing** | |
| | 8.1) Residential | SMART +3.00% (Margin) |
| | 8.2) Commercial | |
| | 8.2.1) Industrial/Manufacturing Project | SMART +3.00% (Margin) |
| | 8.2.2) Others | SMART +3.00% (Margin) |
| **9)** | **Secured Overdraft (SOD) Facility) **** | |
| | 9.1) Corporate & MSME Customers | |
| | 9.1.1) FDR maintained with our bank | 3.00%+ the weighted average rate of FDR |
| | 9.1.2) FDR maintained with other Bank/NBFI/Wage Earner's Development Bond | 3.00%+ the weighted average rate of Instrument |
| | 9.1.3) DPS and other deposit scheme maintained with our bank | 4.00%+ the weighted average rate of Scheme Deposit |
| | 9.2) Retail Banking Customers | |
| | 9.2.1) FDR and Scheme Deposit maintained with our bank | 3.00%+ the weighted average rate of FDR /<br>4.00%+ the weighted average rate of Scheme Deposit |
| | 9.3) SOD (EMFS) under e tendering | SMART +3.00% (Margin) |

**

**However, the Management has the discretionary authority to make necessary adjustment with respect to markup against SOD facility depending upon the merit of the particular case/credibility status of the client/borrower.**

| | | |
|---|---|---|
| 10) | **Consumer Credit** | |
| | 10.1) CITIZENS ইত্যাদি | SMART +3.00% (Margin) |
| | 10.2) CITIZENS ড্রিম ড্রাইভ | SMART +3.00% (Margin) |
| | 10.3) CITIZENS ডক্টরস লোন | SMART +3.00% (Margin) |
| | 10.4) CITIZENS আবাসন | SMART +3.00% (Margin) |
| | 10.5) Nagarik Asrayan (নাগরিক আশ্রায়ন) | SMART +3.00% (Margin) |
| | 10.6) CITIZENS Travel Loan | SMART +3.00% (Margin) |
| 11) | **Women Entrepreneur** | As per Bangladesh Bank's directives for Re-finance |
| | | SMART +3.00% (Margin) [Other than Re-finance] |
| 12) | Loan to NBFI | SMART +3.00% (Margin) |
| 13) | Loan to MFI's (other than Agriculture Financing) | SMART +3.00% (Margin) |
| 14) | **Lease Finance/Hire Purchase** | |
| | 14.1) Industrial/Manufacturing Project | SMART +3.00% (Margin) |
| | 14.2) Others | SMART +3.00% (Margin) |
| 15) | Short Term Loan | SMART +3.00% (Margin) |
| 16) | All Other Loans (except Credit Card) | SMART +3.00% (Margin) |

**Notes:**

(i) Bangladesh Bank instruction (if any) regarding lending rate will rule the above prescribed rate.

(ii) All other Re-finance, Pre-finance & Stimulus Package which exists or upcoming, the rate will be followed as per Bangladesh Bank's directives.

(iii) In case of lending against combination of Financial Obligations the Weighted Average Rate of all Financial Obligations (rounded at 2 decimal points, ended by 0 or 5 which is nearer) is to be considered as the common rate of all Financial Obligations.

(iv) Interest Rate of Staff loans (Staff house Building Loan/ Staff Car Loan etc.) will be governed as per approval of the Board of Directors of the Bank from time to time.

(v) As per BRPD Circular No – 09 dated 19th June, 2023, SIX MONTHS MOVING AVERAGE RATE OF TREASURY BILL (SMART) index will be published on First (1st) working day of every month in Bangladesh Bank website.

(vi) Supervision cost will be applicable for CMSME loan as well as Consumer Financing of the bank.

(vii) সুপারভিশন চার্জ আরোপ ও আদায় প্রক্রিয়া নিষ্পন্নকল্পে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪ তারিখ ১৮-০৩-২০২৪ এ বর্নিত নির্দেশনা পরিপালনের নির্দেশনা প্রদান করা হলো। (কপি সংযুক্ত)

**Md. Atikur Rahman**
Head of Treasury & Market Risk (Front)
Member Secretary, ALCO

**Md. Israil Hossain**
SVP & CRO

**Mohammad Masoom**
Managing Director & CEO
Chairman, ALCO

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

১৮ মার্চ ২০২৪
তারিখ: ----------------
০৪ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**সুপারভিশন চার্জ আরোপ ও আদায় প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে**

ঋণের সুদ হার নির্ধারণ প্রসঙ্গে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সিএমএসএমই খাত ও ভোক্তা ঋণের প্রশাসনিক ব্যয় শিল্প ও অন্যান্য ঋণের তুলনায় অপেক্ষাকৃত অধিক হওয়ায় উল্লিখিত খাতে ব্যাংকসমূহকে ঋণ প্রদানে আগ্রহী করার লক্ষ্যে সূত্রোক্ত সার্কুলারের ১(ঘ) অনুচ্ছেদের মাধ্যমে, সিএমএসএমই (CMSME) ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto loan) এর ক্ষেত্রে সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে এবং বার্ষিক (Yearly) ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোনো চার্জ বা সুদ আরোপ করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি এ কার্যালয় এ মর্মে অবহিত হয়েছে যে, বিভিন্ন ব্যাংক ভিন্ন ভিন্ন পদ্ধতি অবলম্বনপূর্বক সুপারভিশন চার্জ হিসাবায়ন করার কারণে ক্ষেত্রমতে গ্রাহক হতে অধিক পরিমাণ সুপারভিশন চার্জ আদায় করা হচ্ছে।

৩. এক্ষণে, সুপারভিশন চার্জ আদায়ের অভিন্ন পদ্ধতি অনুসরণ এবং গ্রাহক কর্তৃক যথাযথ পরিমাণে ও সহজ পদ্ধতিতে সুপারভিশন চার্জ পরিশোধের সুবিধার্থে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) মেয়াদী ঋণের সুপারভিশন চার্জ আরোপের ক্ষেত্রে মূল ঋণের গড় স্থিতিকে (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক পরিশোধসূচি অনুযায়ী) ভিত্তি হিসেবে গণ্য করত সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে;

(খ) চলমান ঋণের ক্ষেত্রে মূল ঋণের দৈনিক গড় স্থিতি (Daily Average Outstanding) কে ভিত্তি হিসেবে গণ্য করত সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে;

(গ) সুপারভিশন চার্জের উপর কোনো ধরনের জরিমানা অথবা সুদ আরোপ করা যাবে না।

৪. ঋণ গ্রহীতাদের জন্য সুপারভিশন চার্জ পরিশোধের পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মেয়াদী ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণের পরিশোধসূচির সাথে সামঞ্জস্য রেখে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে এ চার্জ আদায়যোগ্য হবে। চলমান ঋণের ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আদায়ের সময় প্রাপ্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে। এতদ্ব্যতীত, তলবী ঋণের ক্ষেত্রে মেয়াদান্তে পরিশোধের সময় এককালীন আদায় করা যাবে অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে মেয়াদের মধ্যে একাধিক কিস্তিতে আদায়যোগ্য হবে।

৫. মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে সুপারভিশন চার্জ আদায় করা হলে, অনুচ্ছেদ নং-৩ এর নির্দেশনা পরিপালনার্থে বছরান্তে প্রাপ্ত গড় স্থিতির হিসাবায়নের ভিত্তিতে সুপারভিশন চার্জ সমন্বয় করতে হবে। ঋণের মেয়াদপূর্তির পূর্বে মধ্যবর্তী সময়ে কোনো ঋণ আদায়/সমন্বয় করার ক্ষেত্রে আনুপাতিক হারে উক্ত সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায়যোগ্য হবে।

চলমান পাতা/২

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

তারিখ: ৩১ মার্চ ২০২৪ / ১৭ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯, ২৭ জুলাই ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭ এবং ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ এর মাধ্যমে SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) এর সাথে সর্বোচ্চ ৩.৫% মার্জিন যোগ করে ঋণের সুদহার নির্ধারণ করতে হবে মর্মে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি/পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।

৩। ঋণের সুদহার মনিটারি পলিসির সাথে অধিকতর সামঞ্জস্যপূর্ণ করা এবং অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে অতঃপর নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:

ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং

খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।

৪। এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-৩(ক) ও ৩(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ নং-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।

৫। এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৭। এ নির্দেশনা ০১ এপ্রিল ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২